



...
 দুর্নীতি দমন কমিশন
 প্রধান কার্যালয়
 ১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৪.১৩.০০৬.২০.৬৭২

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭

০৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জনাব মোঃ আহসান আলী, সাবেক উপপরিচালক-এর প্রাপ্য বেতন-ভাতাদি এবং পেনশনের যাবতীয় সুযোগ-সুবিধা দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া হতে উত্তোলনের অনুমতি।

উপর্যুক্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়ার সাবেক উপপরিচালক জনাব মোঃ আহসান আলী-এর চাকুরিকাল ২৫ বছর পূর্ণ হওয়ায় গত ০৮/০৫/২০১৪ তারিখে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি মাননীয় হাইকোর্টে রীট পিটিশন দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ কমিশনের বাধ্যতামূলক অবসর আদেশ বাতিল করে বকেয়া বেতন-ভাতাসহ চাকুরীতে পুনর্বহালের আদেশ প্রদান করেন। এই রায়ের বিরুদ্ধে কমিশনের পক্ষে সিভিল আপিল দায়ের করা হলে মহামান্য আপিল বিভাগ আপিলটি খারিজ করেন। উক্ত খারিজ আদেশের বিরুদ্ধে কমিশন কর্তৃক রিভিউ না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফলে মাননীয় হাইকোর্টের সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ আহসান আলীকে গত ০৮/৫/২০১৪ তারিখ হতে চাকুরীতে পুনর্বহালসহ চাকুরীর সকল সুবিধাসহ বেতন-ভাতাদি এবং পেনশনের যাবতীয় সুযোগ-সুবিধা মঞ্জুর করা যেতে পারে মর্মে কমিশনের লিগ্যাল অনুবিভাগ হতে মতামত প্রদান করা হয়েছে। তিনি এপ্রিল/১৪ মাস পর্যন্ত বেতন ভাতাদি তাঁর সর্বশেষ কর্মস্থল দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া হতে উত্তোলন করেছেন। তার জন্ম তারিখ ৩১/১২/১৯৫৭। তাঁর চাকুরী থেকে অবসর গ্রহণের সময় ছিল ৩১/১২/২০১৬ তারিখ। অতঃপর ০১/০১/২০১৭ তারিখ হতে ০১ বছরের পিআরএল মঞ্জুরসহ সকল বেতন-ভাতাদি উত্তোলনের অনুমতি প্রদান করা হলো।

এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়ার সাবেক উপপরিচালক জনাব মোঃ আহসান আলী-এর ০১/০৫/২০১৪ তারিখ হতে প্রাপ্য বেতন-ভাতাদি এবং পেনশনের যাবতীয় সুযোগ-সুবিধা তাঁর শেষ কর্মস্থল হতে উত্তোলনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

৩-৯-২০২০

মুহাম্মদ মনিবুল ইসলাম
 পরিচালক

ফোন: ০২-৯৩৫২১১৫

ইমেইল: d.admin@acc.org.bd

উপপরিচালক

দুর্নীতি দমন কমিশন

সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া

স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৪.১৩.০০৬.২০.৬৭২/১(৭)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭

০৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।

২) পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, খুলনা।

৩) সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) জনাব মোঃ আহসান আলী, সাবেক উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়া।

৫) প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

৬) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুষ্টিয়া।

৭) সহকারী পরিচালক (বাজেট ও নিরীক্ষা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।



৩-৯-২০২০

আজিজুল হক

সহকারী পরিচালক